চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২১ জুন ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ২৩ তম সাধারণ সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাচিত ৫ম পরিষদের ২৩ তম সাধারণ সভা ২১ জুন ২০১৭ খ্রি. বুধবার, দুপুরে কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। সভায় নির্বাচিত পরিষদের সাধারণ ওয়ার্ড ও সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর, অফিসিয়্যাল কাউন্সিলর সহ সিটি কর্পোরেশনের বিভাগীয় প্রধানগণ উপস্থিত ছিলেন। চসিক এর সচিব মোহাম্মদ আবুল হোসেন এর উপস্থাপনায় অনুষ্ঠিত ২৩ তম সাধারণ সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলোয়াত ও মোনাজাত করা হয়। সভায় বিগত সাধারণ সভার পর থেকে ২৩ তম সাধারণ সভা পর্যন্ত সময়ে নগরীতে মৃত্যুবরণকারী প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনীর মাতা আনিসা খানম, চসিক ওয়ারেন্ট অফিসার শেখ শফিকুল ইসলাম সিদ্দিকী টিপু সহ নাগরিকদের আত্মার মাগফেরাত কামনা করা হয় এবং অসুস্থ হিসাব রক্ষণ কর্মকর্তা মো. সাইফুদ্দিন সাকী ও সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর কাসফিয়া নাহরিন দিশার সুস্বাস্থ্য কামনা করা হয়। এ ছাড়াও চট্টগ্রাম সহ দেশ ও জাতির উন্নতি এবং সমৃদ্ধি কামনা করে মোনাজাত করা হয়। সভায় বিগত ২১ মে ২০১৭ খ্রি. অনুষ্ঠিত ২২ তম সাধারন সভার কার্যবিবরনী অনুমোদন, স্থায়ী কমিটি সমূহের কার্যবিবরনী আলোচনান্তে অনুমোদন করা হয়। সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন স্বাস্থ্য বিভাগ প্রণীত স্বাস্থ্য ব্যবস্থাপনা কৌশলপত্র অনুমোদন, টর্ণেডোয় ক্ষতিগ্রস্ত পরিবার প্রতি ৫ হাজার টাকা করে পুনর্বাসন অনুদান, ঘূর্ণিঝড় মোরা'য় ক্ষতিগ্রস্তদের জন্য ২ হাজার টাকা অনুদান, প্রতিটি ওয়ার্ডে ১টি করে ঈদ জামাতের জন্য ১০ হাজার টাকা খরচ প্রদান, বিএমডিএফ'র অধীনে পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৯টি প্রকল্পের অধীনে ২৫ হাজার কোটি টাকার প্রকল্প পেশ করার অনুমোদন, ওয়ার্ড ভিত্তিক আবর্জনাবাহী ভ্যান মেরামত বাবদ প্রতি ভ্যানের জন্য ৫শত টাকা খরচ অনুমোদন, যাবতীয় উন্নয়ন কাজের বিস্তারিত বিবরন সহ কাজ চলাকালিন সময়ে দৃশ্যমান জায়গায় সাইন বোর্ড স্থাপন, উন্নয়ন কাজের উদ্বোধন ফলকে মেয়র, সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর ও সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলরের নাম সংযোজন, ১ জুলাই ২০১৭ খ্রি. থেকে পরিচ্ছন্ন সুপারভাইজার ও সকল সেবক ওয়ার্ডের অধীনে হস্তান্তর, আবর্জনাগারে সিসি ক্যামেরা স্থাপন, মাদক, জঙ্গী ইত্যাদি বিষয়ে স্কুল পর্যায়ে সচেতনতা সৃষ্টি, দুর্যোগ পূর্বক প্রস্তুতি ও সচেতনতা কার্যক্রম বিষয়ে ফায়ার সার্ভিস ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন যৌথ ভাবে দুর্যোগ মোকাবেলায় স্বেচ্ছাসেবক দল গঠন, মেয়র গোল্ডকাপ সুষ্ঠভাবে সম্পাদিত হওয়ায় ধন্যবাদ প্রস্তাব গ্রহন, মহেশখালের বাঁধ অপসারনে ধন্যবাদ জ্ঞাপন, ওয়ার্ড পর্যায়ে খালি জায়গায় উদ্যান স্থাপন, অটোমেশন কার্যক্রম গতিশীল করা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন টেকনিক্যাল ইনষ্টিটিউট শিক্ষা বিভাগের অধীনে ন্যস্ত করা, কদমতলী বাস টার্মিনাল প্রতিস্থাপন পূর্বক সেই স্থানে হকার মার্কেট স্থাপন, ব্যক্তি উদ্যোগে গড়ে উঠা অপরিকল্পিত হাটবাজার উচ্ছেদ করন, শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল ও আবাসিক ভবনের ছাদে 'ছাদ বাগান কার্যক্রম চালু' সহ বিভিন্ন প্রস্তাব গৃহিত হয়। সভার সভাপতি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন নাগরিক সেবা শতভাগ নিশ্চিত করার লক্ষ্যে সম্মানিত কাউন্সিলর ও সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর সকলকে নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের আহবান জানান।

চট্টগ্রাম- ২১ জুন ২০১৭ খ্রি.

চাক্তাই খাল ও বির্জা খাল সরেজমিনে পরিদর্শন শেষে সকল ধরনের প্রতিবন্ধকতা অবৈধ স্থাপনা অপসারন এবং কালভার্ট সমূহ উঁচু করার নির্দেশ দিলেন সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন

২১ জুন ২০১৭ খ্রি. সকাল থেকে দুপুর ২ টা পর্যন্ত চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন পায়ে হেটে নগরীর চাক্তাই খাল ও বির্জা খাল সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনকালে মেয়র খালের দুই পাড়ের নাগরিকদের সাথে কথা বার্তা বলেন এবং জোয়ার ও অতি বর্ষনের সময় এলাকার পরিস্থিতি বিষয়ে জানতে চান। মেয়র পরিদর্শনকালে বির্জা খালের উপর প্রফেসর সিরাজুল ইসলামের বাড়ীর সামনের কালভার্ট ভেঙ্গে ফেলা, নেয়ামত আলী সুকানির বাড়ীর সামনের কালভার্ট উঁচু করন, রাহাত্তার পুলের নিচের পাইপ অপসারন, মাবিয়া হাউসের সামনের কালভার্ট এবং নুর মঞ্জিলের সামনের কালভার্ট উঁচু করন চাক্তাই খাল ও বির্জা খালের উপর এবং আশেপাশে অবৈধভাবে নির্মিত সকল ধরনের স্থাপনা ও প্রতিবন্ধকতা উচ্ছেদ,হাজী আজগর সওদাগর ও জহির ব্রাদার্স এর স্থাপনার কারনে দখল হওয়া রাস্তা উদ্ধার,বির্জা খালের সকল আবর্জনা দ্রুতগতিতে অপসারন করে নাগরিক দূর্ভোগ কমানোর নির্দেশনা দেন। মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, খাল ও নালা দখলমুক্ত করা এবং ধারন ক্ষমতা বৃদ্ধি করার কাজ যতই কঠিন হোকনা কেন, সেই কঠিনকে জয় করে জনস্বার্থে সকল প্রতিবন্ধকতা অতিক্রম করে কাজ চালিয়ে যাওয়ার জন্য সংশ্লিষ্ট বিভাগকে সচেষ্ট হওয়ার নির্দেশ দেন মেয়র। এসময় ৬ নং ওয়ার্ড কাউন্সিল মো. আশরাফুল আলম, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান, প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ, তত্বাবধায়ক প্রকৌশলী আনোয়ার হোছাইন, মুনিরুল হুদা, কামরুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী সুদিপ বসাক ও

জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম সহ চসিক এর উর্দ্ধতন কর্মকর্তা এবং স্থানীয় রাজনৈতিক ও সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ মেয়রের সাথে ছিলেন।

চট্টগ্রাম- ২১ জুন ২০১৭ খ্রি.

৯ নং উত্তর পাহাড়তলী ওয়ার্ডের সমাবেশ ও ইফতার মাহফিলে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন,পরিকল্পিত নগরায়ন হলে অনেক সমস্যা সমাধান হয়ে যাবে। এ লক্ষে ড্রেনেজ মাষ্টারপ্ল্যান ও স্যুয়ারেজ মাষ্টার প্লান সহ বহুমুখি পরিকল্পনা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মেয়র বলেন, এডিপি, জাইকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে নগরীতে ব্যাপকভাবে অবকাঠামোগত উন্নয়ন ও খাল থেকে মাটি ও আবর্জনা উত্তোলন কার্যক্রম চলমান আছে। তিনি আশা করেন নির্দিষ্ট সময়ের মধ্যে নগরীর ৪১ ওয়ার্ডে অবকাঠামোগত উন্নয়ন, আলোকায়ন,পরিচ্ছন্নতা ও পরিবেশ উন্নয়ন সম্ভব হবে। মেয়র বলেন, উত্তরাধিকারসূত্রে সৃষ্ট সমস্যা হয়ত সমাধান করতে কিছু সময় লাগছে। এ লক্ষ্যে তিনি নগরবাসীর সহযোগিতা কামনা করেন। ২০ জুন ২০১৭ খ্রি. মঙ্গলবার, সন্ধ্যায় নগরীর ৯ নং উত্তর পাহাড়তলী ওয়ার্ডের কাউন্সিলর জহুরুল আলম জসিম এর উদ্যোগে অনুষ্ঠিত সমাবেশ ও ইফতার মাহফিলে প্রধান অতিথির ভাষনে মেয়র এ সহযোগিতা কামনা করেন। ফিরোজশাহ কলোনী চট্টগ্রাম সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত সমাবেশে সভাপতিত্ব করেন সাবেক কমিশনার ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি এস এম আলমগীর। সমাবেশে বিশেষ অতিথি ছিলেন সংসদ সদস্য আলহাজ্ব মোহাম্মদ দিদারুল আলম, ১০ নং ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র-৩ প্রফেসর নিছার উদ্দিন আহমদ মঞ্জু। প্রধান বক্তা ছিলেন ৯ নং ওয়ার্ড কাউন্সিলর ও অত্র ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক জহুরুল আলম জসিম। পরিচালনায় ছিলেন অত্র ওয়ার্ড আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক মোহাম্মদ মোস্তফা কামাল বাচ্চু। বক্তব্য রাখেন ওয়ার্ড আওয়ামীলীগের সহ সভাপতি ইলিয়াছ খান, অলি আহমদ, যুগ্ম সম্পাদক মুনছুর আলম, সাংগঠনিক সম্পাদক মোশারফ হোসেন দুলাল, আকবর শাহ থানা আওয়ামীলীগের মহিলা সম্পাদক মিলি চৌধুরী ও ৯নং ওয়ার্ড মহিলা আওয়ামীলীগের সভাপতি দীপ্তি রানী চৌধুরী, এবিসি ইউনিট আওয়ামীলীগের সভাপতি ও সাধারন সম্পাদক যথাক্রমে জুলফিকার আলী মাসুদ, মোমিন উল্লাহ, জাহাঙ্গীর কবির নয়ন, কাউসার হোসেন, আওয়ামীলীগ নেতা আবদুল মোনাফ, মো. জসিম, মো. অঙ্কুর, মো. হারুন গফুর ভূঁইয়া, আওয়ামীযুবলীগ নেতা আবু সুফিয়ান, মো. রাজন, আনোয়ারুল আজিম ও নাসির, স্বেচ্ছাসেবকলীগ নেতা এ্যাডভোকেট আরশাদ হোসেন, রুবেল আহমদ বাবু, আবু নোমান, আবদুল মান্নান, ছাত্রলীগ নেতা ইমরান আলী মাসুদ, মো. নিয়াজ ও মো. রিফাত। সমাবেশে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

চট্টগ্রাম- ২১ জুন ২০১৭ খ্রি.

কাউন্সিলর জহর লাল হাজারীর নিজস্ব অর্থায়নে ইফতার সামগ্রী বিতরন অনুষ্ঠানে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, দুস্থ ও হতদরিদ্র সকলকে নিজের পায়ে দাড়াতে হবে। পর নির্ভরশীলতা থেকে নিজেদের উত্তরন ঘটিয়ে স্বাবলম্বি হওয়ার পন্থা বের করতে হবে। মেয়র বলেন, সন্তানদের উপযুক্ত মানুষ হিসেবে গড়ে তোলা গেলে ধীরে ধীরে দারিদ্র দুর হবে। আল্লাহর উপর ভরসা করে কর্মের মাধ্যমে জীবনের উন্নয়নের পথ বের করতে হবে। সাধনা থাকলে কোন কিছুই বৃথা যায় না। ২০ জুন ২০১৭ খ্রি. মঙ্গলবার, বিকেলে আনসার ক্লাব ৩২নং ওয়ার্ড অফিসে কাউন্সিলর জহর লাল হাজারীর নিজস্ব অর্থায়নে রোজাদার দুঃস্থদের মাঝে দেড় টন চাউল সহ ইফতার সামগ্রী বিতরন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মেয়র আ জ ম নাছির উদ্দীন এ সব কথা বলেন। ৩২নং আন্দরকিল্লা ওয়ার্ড কাউন্সিলর জহর লাল হাজারী এতে সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন উত্তর জেলা মহিলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদীকা এড. বাসন্তী প্রভা পালিত, মহানগর আওয়ামীলীগ নেতা মো. বেলাল আহমদ, রফিকুল ইসলাম বাচ্চু, নওশাদ আলী, প্রতাপ চৌধুরী, বলরাম চক্রবর্তী, ছাত্রলীগ নেতা রুবেল, ইমরান জুয়েল, ফয়সাল বাপ্পী, মো. রনি হোসেন ও মো. রানাসহ অন্যরা। অনুষ্ঠান পরিচালনা করেন রতন আচার্য্য। পরে মেয়র আ জ ম নাছির উদ্দীন রোজাদার দুঃস্থ গরীব ৫শত জনের মধ্যে ইফতার সামগ্রী তুলে দেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা